কুষ্টিয়ায় চাচাকে হত্যার দায়ে ভাতিজার যাবজ্জীবন

কুষ্টিয়া সদর উপজেলার ঢাকা-ঝালুপাড়া চা দোকানী মিঠুন হোসেন হত্যা মামলায় ভাতিজার যাবজ্জীবন কারাদন্ড ও অপর দুই আসামীর ১০ বছরের কারাদন্ডদেশ দিয়েছেন আদালত।

মঙ্গলবার দুপুরে কুষ্টিয়া জেলা ও দায়রা জজ অরূপ কুমার গোস্বামী আসামীদের উপস্থিতিতে এ রায় ঘোষনা করেন।

যাবজ্জীবন প্রাপ্ত আসামী হলেন- কুষ্টিয়ার সদর উপজেলার ঢাকা ঝালুপাড়া এলাকার মৃত মওলা মন্ডলের ছেলে মোঃ শিমুল হোসেন (৩০)।

১০ বছরের সাজাপ্রাপ্ত আসামীরা হলেন- যাবজ্জীবন প্রাপ্ত আসামী শিমুল হোসেনের স্ত্রী সাথী বেগম(২৬), একই এলাকার খয়বার আলী প্রামানিকের ছেলে সবুজ হোসেন (২৪)।

এ মামলা থেকে আদালত মামলায় অভিযুক্ত লিটন হোসেন, মনিরুল ইসলাম ও খয়বার আলী প্রামানিককে বেকসুর খালাস দেন।

দর্শনায় নদীতে গোসল করতে নেমে এক বৃদ্ধা দুইদিন ধরে নিখোঁজ

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার কামারপাড়া বারাদিতে ওয়াজেদ আলী
(৬৫) নামের এক বৃদ্ধা মাথাভাঙ্গা নদীতে গোসল করতে নেমে দুই দিনেও সন্ধান মেলেনি।

এ ঘটনায় দর্শনা লোকনাথপুর ফায়ার সার্ভিসের চৌকস দল পরিদর্শন করেছেন পরিদর্শন শেষে এ বিষয়ে সাব অফিসার হাবিবুর রহমান বলেন, দর্শনা থানার সীমান্তবর্তী এলাকা কামারপাড়া বারাদির বিজিবি ক্যাম্পের পাশে গত ২১ তারিখ সোমবার ওয়াজেদ আলী (৬৫) একজন বৃদ্ধা দুপুর ২ টায় মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে দুই দিন ধরে

নিখোঁজ হয়।

স্থানীয় এলাকাবাসী নদীতে অনেক খোজাখুজির পরেও তার কোনো খোঁজ পায়নি। পরে ২২ তারিখ মঙ্গলবার সকালে স্থানীয় লোকজন খোঁজাখুঁজি সময় একজনের পায়ে বাদে এরপর ও তারা তাকে উদ্ধার করতে পারেনি, আর বিষয়টি বাংলাদেশ-ভারত সীমান্ত বলে পরবর্তীতে আর কোন খোঁজার সুযোগ হয়নি।

বিজিবি ক্যাম্প ইনচার্জ বলেন, এটি একটি আন্তর্জাতিক বিষয় উপর লেভেলের অনুমতি ছাড়া এই কাজ করা সম্ভব নয় ।

ফায়ার সার্ভিসের সাব অফিসার হাফিজুর রহমান বলেন, এখানকার পরিস্থিতি দেখে মনে হচ্ছে লাশটি ভেসে ভারতে চলে গেছে এজন্য আমি আমার উপরের লেভেলের কর্মকর্তার সাথে কথা বলে এখন আমি আমার কর্মস্থলে ফিরে যাচ্ছি।

এ বিষয়ে পারিবারিক সূত্রে জানা গেছে দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের কামারপাড়া বারাদি বিজিবি ক্যাম্প সংলগ্ন পিতা মৃত আক্কাচ আলী মন্ডল এর ছেলে ওয়াজেদ আলী বাড়ি থেকে দুপুর দেড়টার সময় বের হয়ে মাথাভাঙ্গা নদীতে গোসল করতে যায় তার আসতে দেরি হয় দেখে অনেক খোঁজাখুঁজি করা হয় কিন্তু তার কোন খোঁজ মেলেনি, পরিবারে বইছে শোকের ছায়া।

গাংনীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উদ্যোগে প্রশিক্ষণ

মেহেরপুরের গাংনীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বামুন্দি এর উদ্যোগে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে অগ্নিনির্বাপন বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এরই ধারাবাহিকতায় মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা প্রাণী সম্পদ অফিসারের কার্যালয় চত্বরে এ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়।

বামন্দী সাব-স্টেশনের ভারপ্রাপ্ত স্টেশন অফিসার ইছাহক আলী

বিশ্বাস ও লিডার মহিউদ্দিন এ প্রশিক্ষণের নেতৃত্ব দেন। প্রশিক্ষণে পেট্রোল, অকটেন থেকে আগুন বা অফিস অথবা বাসা বাডীতে গ্যাস সিলিন্ডার বা অন্য কোনভাবে হঠাৎ আগুন লাগলে করণীয় বিষয়ে প্র্যাকটিক্যালে মহড়া দেখানো ও শেখানো হয়।

এ সময় প্রাণী সম্পদ অফিসার ডাঃ মোস্তফা জামান, উপ-সহকারী প্রাণী সম্পদ কর্মকর্তা (প্রাণী স্বাস্থ্য) আলী হোসেন, অফিস সহকারী/ কম্পিউটার অপারেটর মহিউজ্জামান রেজা, সহ সকল কর্মচারী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

গাংনীতে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস কেম্পেইন পালন উপলেক্ষে এ্যাডভোকেসি সভা

মেরেহপুরের গাংনীতে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস কেম্পেইন পালন উপলেক্ষে এ্যাডভোকেসি ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালে গাংনী উপজেলা স্বস্থ্য কমপ্লেক্স সভাকক্ষে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ অনুষ্ঠানের আয়োজন করে।

জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ও জাতীয় পুষ্টিসেবা স্বাস্থ্য অধিদপ্তর এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের বাস্তবায়নে অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পরিবার পরিকল্পনা কর্মকর্তা (টিএইসএ) ডাক্তার এম রিয়াজুল আলম।

প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক । বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ।

এমটি ইপিআই আব্দুর রশিদের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে কক্তব্য রাখেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আলাউদ্দিন আহামেদ,গাংনী থানা পুলিশের পক্ষে এসআই হাবিব প্রমুখ।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের রোগ নিয়ন্ত্রণ বিভাগের চিকিৎসক

ডাক্তার আদিলা আজহার। অন্যান্য বছরের তুলনায় এবছর স্বাস্থ্য বিধি মেনে খোলা জায়গা ক্যাম্প স্থাপনের মাধ্যমে ৯ টি ইউনিয়নে ২১৭ টি কেন্দ্র স্থাপন করা হবে। ৪৩৪ জন স্বেচ্ছাসেবী ভিটাডিমন ‘এ’ প্লাস ক্যাম্পেইনে কাজ করবেন।

উপজেলা ব্যাপী ৬ থেকে ১১ মাস বয়সী ৩৮৬২ জন এবং ১২ থেকে৫৯ মাস বয়সী ৩০২৬২ জন নিরাপদ দুরুত্ব বজায় রেখে মোট ৩৪১০৩ জন শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে। ২৭ জন প্রথম সারির তত্বাবধানকারী ক্যাম্পেইন তত্বাবধায়ন করবেন।

নারায়ণগঞ্জে মসজিদে বিস্ফোরণে মৃতের সংখ্যা বেড়ে ৩৪

নারায়ণগঞ্জে মসজিদে বিস্ফোরণের ঘটনায় শাহাদৎ হোসেন সিফাত (১৮) নামে আরও এক মুসল্লির মৃত্যু হয়েছে। এ নিয়ে বিস্ফোরণে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়াল ৩৪ জনে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় রাজধানীর শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় তার।

প্রসঙ্গত, গত ৪ সেপ্টেম্বর শুক্রবার রাত পৌনে ৯টার দিকে নারায়ণগঞ্জ সদর উপজেলার ফতুল্লার পশ্চিম তল্লা এলাকায় বায়তুস সালাত জামে মসজিদে বিস্ফোরণ ঘটে।

এ সময় গুরুতর দগ্ধ অবস্থায় ৩৭ জনকে উদ্ধার করে শেখ হাসিনা বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়। তাদের মধ্যে চিকিৎসাধীন অবস্থায় ৩৪ জন মারা গেলেন।

বর্তমানে হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন আরো দুই জন এবং সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন এক জন।

সূত্র- বিডি-প্রতিদিন

এবার কোতোয়ালী থানায় নূরের বিরুদ্ধে অপহরণ ও ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের সাবেক সহ-সভাপতি (ভিপি) নুরুল হক নূরের বিরুদ্ধে এবার এক তরুণীকে অপহরণ, ধর্ষণে সহযোগিতা ও ডিজিটাল নিরাপত্তা আইনে রাজধানীর কোতোয়ালী থানায় মামলা হয়েছে। মামলায় নূরসহ ছয়জনকে আসামি করা হয়েছে।

বাংলাদেশ প্রতিদিনকে বিষয়টি নিশ্চিত করেছেন পুলিশের লালবাগ ডিসি বিপ্লব বিজয় তালুকদার।

এর আগে গত রবিবার রাতে লালবাগ থানায় ঢাবির এক ছাত্রীর দায়ের করা ধর্ষণ মামলায় নূরসহ ছয়জনকে আসামি করা হয়। মামলায় অভিযোগ করা হয়, বিয়ের প্রলোভনে ধর্ষণের শালিসে বিচার না করে উল্টো ভুক্তভোগীকে শাসিয়েছেন ভিপি নূর।

তবে গতকাল সোমবার রাতে আটক হওয়ার আগে ফেসবুক লাইভে এসে মামলায় তার বিরুদ্ধে করা অভিযোগের বিষয়টি প্রত্যাখ্যান করেছেন নুরুল হক নূর। পরে অবশ্য নূরকে ছেড়ে দেওয়া হয়।

সূত্র- বিডি-প্রতিদিন

৩ জেলা ৯ উপজেলা ও ৬১ ইউনিয়নে নৌকার প্রার্থী যারা

স্থানীয় সরকার নির্বাচন উপলক্ষে দেশের তিন জেলা, ৯ উপজেলা ও ৬১টি ইউনিয়নের চেয়ারম্যান পদে প্রার্থী চূড়ান্ত করেছে আওয়ামী লীগ।

সোমবার বিকালে আওয়ামী লীগের স্থানীয় সরকার নির্বাচন মনোনয়ন বোর্ডের সভায় সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত নেয়া হয়।

আওয়ামী লীগ সভাপতি এবং দলের স্থানীয় সরকার নির্বাচন মনোনয়ন বোর্ডের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা সভায় সভাপতিত্ব করেন।

সভাশেষে আওয়ামী লীগের দফতর সম্পাদক বিপ্লব বড়ুয়া স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে প্রার্থী তালিকা প্রকাশ করা হয়।

তালিকা অনুযায়ী ফরিদপুর জেলা পরিষদে চেয়ারম্যান পদে মো. শামসুল হক, মাদারীপুর জেলা পরিষদে মুনির চৌধুরী এবং মৌলভীবাজার জেলা পরিষদে মিসবাহুর রহমানকে দলীয় মনোনয়ন দেয়া হয়েছে।

নওগাঁ জেলার মান্দা উপজেলায় চেয়ারম্যান পদে মো. এমদাদুল হক, বাগেরহাটের শরণখোলা উপজেলায় রায়হান উদ্দিন শান্ত, যশোর সদর উপজেলায় নুরজাহান ইসলাম নীরা, খুলনার পাইকগাছা উপজেলায় মো. আনোয়ার ইকবাল, সুনামগঞ্জ জামালগঞ্জ উপজেলায় মো. ইকবাল আল আজাদ, মাদারীপুরের শিবচর উপজেলা আ. লতিফ মোল্লা, কুমিল্লার দাউদকান্দি উপজেলায় মোহাম্মদ আলী, চাঁদপুরের মতলব দক্ষিণ উপজেলায় বিএইচএম কবির আহমেদ এবং চট্টগ্রামের রাঙ্গুনিয়া উপজেলায় স্বজন কুমার তালুকদারকে নৌকার মনোনয়ন দেয়া হয়েছে।

৬১ ইউনিয়ন: ৬১ ইউনিয়ন পরিষদ নির্বাচনেও আওয়ামী লীগের প্রার্থী ঠিক করা হয়েছে। টাঙ্গাইল জেলার টাঙ্গাইল সদর উপজেলার ঘারিন্দা ইউনিয়নে তোফায়েল আহমেদ। গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলার নাগরী ইউনিয়নে মোহাম্মদ অলিউল ইসলাম। নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার দাউদপুর ইউনিয়নে মো. নূরুল ইসলাম। নরসিংদী জেলার রায়পুরা উপজেলার আদিয়াবাদ ইউনিয়ন মো. সেলিম। ফরিদপুর জেলার মধুখালী উপজেলার গাজনা ইউনিয়নে সুখেন মজুমদার।

ময়মনসিংহ জেলার ময়মনসিংহ সদর উপজেলার বোররচর ইউনিয়নে আব্দুল আজিজ সরকার।

রংপুর সদর উপজেলার হরিদেবপুর ইউনিয়নে মো. একরামুল হক, চন্দনপাট ইউনিয়নে মো. আমিনুর রহমান, সদ্যপুস্কুরিনী ইউনিয়নে মো. মকছেদুর রহমান। রংপুর জেলা তারাগঞ্জ উপজেলার আলমপুর ইউনিয়নে মো. দেলওয়ার হোসেন, লালমনিরহাট জেলা হাতীবান্ধা উপজেলার গড্ডিমারী ইউনিয়নে মো. আবু বক্কর সিদ্দিক, পাটিকাপাড়া ইউনিয়নে মো. মজিবুল আলম। দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলার সাতনালা ইউনিয়নে মো. আব্দুল

হামিদ শাহ। বগুড়া জেলা ধুনট উপজেলার কালেরপাড়া ইউনিয়নে মো. হারেজ উদ্দিন আকন্দ। চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলার চরঅনুপনগর ইউনিয়নে মো. সেরাজুল ইসলাম, নাচোল উপজেলার ফতেপুর ইউনিয়নে মো. খাইরুল ইসলাম।

নওগাঁর বদলগাছী উপজেলার মথুরাপুর ইউনিয়নে মো. মাসুদ রানা। সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার পোরজানা ইউনিয়নে মো. আনোয়ার হোসেন। পাবনা জেলার ভাঙ্গুড়া উপজেলার ভাঙ্গুড়া ইউনিয়নে মো. বেলাল হোসেন খান, মণ্ডতোষ ইউনিয়নে মো. আফছার আলী।

চুয়াডাঙ্গা জেলা চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপি ইউনিয়নে মোহা. শফিকুর রহমান। আলমডাঙ্গা উপজেলার ডাউকি ইউনিয়নে মো. তরিকুল ইসলাম। সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলার কেরালকাতা ইউনিয়ন মো. মোরশেদ আলী। বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলার কোদালিয়া ইউনিয়নে শেখ রফিকুল ইসলাম।

বরগুনা জেলার তালতলী উপজেলার কড়ইবাড়িয়া ইউনিয়নে নূর মোহাম্মদ। পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার মহিপুর ইউনিয়নে আ. মালেক আকন্দ। ভোলা জেলার লালমোহন উপজেলার ফরাজগঞ্জ ইউনিয়নে মো. ফরহাদ হোসেন (মুরাদ)। বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলার কলসকাঠী ইউনিয়নে মো. ফয়সাল ওয়াহিদ। উজিরপুর উপজেলার সাতলা ইউনিয়নে মো. খায়রুল বাশার লিটন।

গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলার জলিরপাড় ইউনিয়নে বিভা মণ্ডল। শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলার মহিষার ইউনিয়নে মো. দেলোয়ার হোসেন সরদার।

নান্দাইল উপজেলার শেরপুর ইউনিয়নে মোয়াজ্জেম হোসেন মিল্টন ভূঁইয়া। ঈশ্বরগঞ্জ উপজেলার আঠারবাড়ী ইউনিয়নে জুবের আলম কবীর রূপক। ফুলপুর উপজেলার ছনধরা ইউনিয়নে মো. আবুল কালাম আজাদ। ফুলবাড়িয়া উপজেলা বালিয়ান ইউনিয়নে মো. মফিজউদ্দিন মণ্ডল। নেত্রকোনা জেলার পূর্বধলা উপজেলার ধলামূলগাঁও ইউনিয়নে মো. আব্দুল হালিম খান। সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলার লক্ষ্মীপাশা ইউনিয়নে মাহমুদ আহমদ। ওসমানীনগর উপজেলা সাদিপুর ইউনিয়নে মো. কবির উদ্দিন আহমদ। মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলার ভুনবীর ইউনিয়নে মো. আব্দুর রশীদ, মির্জাপুর ইউনিয়নে অপূর্ব চন্দ্র দেব। হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলার শাহজাহানপুর ইউনিয়নে বাবুল হোসেন খান।

ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল উপজেলার চুণ্টা ইউনিয়নে শেখ মো. হাবিবুর রহমান। কুমিল্লা জেলার বরুড়া উপজেলার আদ্রা ইউনিয়নে মো. আ. করিম। চাঁদপুর জেলার কচুয়া উপজেলার সাচার ইউনিয়নে মো. মনির হোসেন, গোহট উত্তর ইউনিয়নে মো. কবির হোসেন। মতলব উত্তর উপজেলার জহিরাবাদ ইউনিয়নে সেলিম মিয়া, সুলতানাবাদ ইউনিয়নে হাবিবা ইসলাম সিফাত। শাহরাস্তি উপজেলার মেহের দক্ষিণ ইউনিয়নে মো. রুহুল আমিন। লক্ষ্মীপুর জেলার লক্ষ্মীপুর সদর উপজেলার চন্দ্রগঞ্জ ইউনিয়নে নুরুল আমিন। রামগঞ্জ উপজেলার ইছাপুর ইউনিয়নে শাহনাজ আক্তার। রায়পুর উপজেলার কেরোয়া ইউনিয়নে শাহিনুর বেগম রেখা। চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার হারামিয়া ইউনিয়নে মো. জসিমউদ্দিন। ফটিকছড়ি উপজেলার নানুপুর ইউনিয়নে মো. শফিউল আজম, সুয়াবিল ইউনিয়নে জয়নাল আবেদীন।

মিরসরাই উপজেলার মিঠানালা ইউনিয়নে এমএ কাশেম।

লোহাগাড়া উপজেলার আমিরাবাদ ইউনিয়নে এসএম ইউনুচ, লোহাগাড়া ইউনিয়নে মোহাম্মদ নূরুছফা, আধুনগর ইউনিয়নে মুহাম্মদ নূরুল কবির।

ভূরাজনৈতিক বিরোধ জাতিসংঘকে যেন দুর্বল না করে

ভূরাজনৈতিক বিরোধ যেন জাতিসংঘকে দুর্বল না করে সেদিকে সজাগ থাকতে বিশ্ব নেতৃবৃন্দকে আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জাতিসংঘকে একটি কার্যকর বিশ্ব সংস্থা হিসেবে দেখার আশাবাদ ব্যক্ত করেছেন তিনি।

জাতিসংঘের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মঙ্গলবার বাংলাদেশ সময় ভোর রাতে নিউইয়র্কে এ বিশ্ব সংস্থার সদরদফতরে একটি উচ্চপর্যায়ের ভার্চুয়াল সভায় দেয়া বক্তব্যে এ কথা বলেন প্রধানমন্ত্রী।

তিনি বলেন, প্রতিশ্রুতির বাস্তবায়ন, দৃঢ়ভাবে বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলা এবং জাতিসংঘকে সঠিক পথে নিতে বিশ্বাসযোগ্য ও বাস্তবসম্মত একটি রূপরেখা প্রণয়ন করতে সদস্য দেশগুলোর প্রতি

আহ্বান জানাই।

তিনি বলেন, উন্নত ও উন্নয়নশীল বিশ্ব– সবার কাছেই জাতিসংঘের প্রয়োজনীয়তা যে এখন অন্য যে কোনো সময়ের চেয়ে বেশি, করোনাভাইরাস মহামারী তা দেখিয়ে দিয়েছে।

বিশ্ব মানবতার কল্যাণে জাতিসংঘের কর্মকাণ্ডকে আরও গতিশীল করার প্রত্যাশা ব্যক্ত করেন প্রধানমন্ত্রী। বলেন, ২০৩০ উন্নয়ন লক্ষ্য অর্জনকে আরও চ্যালেঞ্জিং করেছে কোভিড-১৯। এটা বর্তমানে আন্তর্জাতিক ব্যবস্থার ঘাটতিকে ফুটিয়ে তুলেছে।

একই সঙ্গে এই মহামারী দেখিয়েছে যে, উন্নত ও উন্নয়নশীল উভয় দেশসমূহের জন্যই অতীতের যে কোনো সময়ের চেয়ে জাতিসংঘকে বেশি প্রয়োজন। এটি দেখিয়েছে, বহুপক্ষীয় প্রচেষ্টাই সামনে এগিয়ে যাওয়ার উপায়।

আর সে কারণেই ভূরাজনৈতিক বৈরিতা থেকে জাতিসংঘকে দুর্বল করার চেষ্টা মেনে না নেয়ার আহ্বান জানান তিনি।

জাতিসংঘের প্রতিষ্ঠাতাবৃন্দ এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য এই সংস্থাকে সার্বিকভাবে মানবকল্যাণের জন্য সত্যিকারের কার্যকর একটি সংস্থা হিসেবে গড়ে তোলার দায়িত্বের কথা সবাইকে স্মরণ করিয়ে দেন তিনি।

শেখ হাসিনা বলেন, জাতিসংঘের ৭৫তম বার্ষিকী এবং বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মিলে যাওয়ায় এই উদযাপন বাংলাদেশের জন্য বিশেষ গুরুত্ব বহন করে।

প্রধানমন্ত্রী জাতিসংঘের গুরুত্ব বোঝাতে ১৯৭৪ সালের ২৪ সেপ্টেম্বর জাতিসংঘ সাধারণ অধিবেশনে বঙ্গবন্ধুর দেয়া বক্তব্য উদ্ধৃত করেন: ‘…জাতিসংঘ ভাবীকালের দিকে মানুষের আশা-আকাঙ্ক্ষাকে সমুজ্জ্বল রাখিয়াছে।’

জাতিসংঘের কাছে বাংলাদেশের অনেক ঋণের কথা উল্লেখ করে সরকারপ্রধান বলেন, আমাদের উন্নয়নের জন্য জাতিসংঘ নেতৃত্বাধীন প্রচেষ্টাগুলো থেকে আমরা উপকৃত হয়েছি। আমাদের দিক থেকেও জাতিসংঘকে তার ম্যান্ডেট পূরণে আমরা ভূমিকা রাখছি।

বিশ্বে শান্তি বজায় রাখার পক্ষে বাংলাদেশের অবস্থান পুনর্ব্যক্ত করেন শেখ হাসিনা। বর্তমানে জাতিসংঘের সব শান্তি রক্ষা মিশনে

বাংলাদেশের সবচেয়ে বেশি সৈন্য ও পুলিশ সদস্য থাকার কথা উল্লেখ করেন তিনি।

সংঘাতপ্রবণ দেশগুলোতে শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠায় বাংলাদেশের ১৫০ শান্তিরক্ষীর জীবন উৎসর্গের কথাও উল্লেখ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বাংলাদেশের প্রধানমন্ত্রী বলেন, প্রতিষ্ঠার শতবর্ষ ও এর পরবর্তী সময়ের জন্য জাতিসংঘকে সঠিক পথে রাখতে ইউএন ৭৫-এর একটি গ্রহণযোগ্য ও বাস্তবসম্মত রূপরেখা দেয়া উচিত, যাতে প্রতিশ্রুতি পূরণ এবং দৃঢ়ভাবে বৈশ্বিক চ্যালেঞ্জগুলো মোকাবেলা করা যায়।

শারমীন মৌসুমী কেকাকে আওয়ামী লীগ থেকে বহিষ্কারের সিদ্ধান্ত

ঝালকাঠি জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক শারমীন মৌসুমী কেকাকে দল থেকে বহিষ্কার করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

দলীয় ভাবমূর্তি ক্ষুন্ন করার অভিযোগে জেলা আওয়ামী লীগের এক জরুরি সভায় তাকে বহিষ্কারের সিদ্ধান্ত গৃহিত হয়।

সোমবার সন্ধ্যায় শহরের টাউন হলের জেলা আওয়ামী লীগের এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদ চেয়ারম্যান সরদার মো. শাহআলম।

জেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক অ্যাডভোকেট এম আলম খান কামাল জানান, দলীয় ভাবমূর্তি ক্ষুন্ন করার অভিযোগে জেলা আওয়ামী লীগের এক জরুরি সভায় সর্বসম্মতিক্রমে সাংগঠনিক সম্পাদক শারমিন মৌসূমী কেকাকে বহিষ্কারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আওয়ামী লীগের গঠনতন্ত্র অনুযায়ী তার বিরুদ্ধে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে বলেও জানান তিনি।

উল্লেখ্য, গত ৩০ আগস্ট রাত ৮টার দিকে এক গৃহবধূকে জিম্মি করে সারারাত নির্যাতন শেষে মুক্তিপণ আদায় ও মাথার চুল কেটে শরীরের

বিভিন্ন স্থানে চুন মাখিয়ে দেন আওয়ামী লীগ নেত্রী শারমিন মৌসূমী কেকা ও তার লোকজন। এ সময় ওই নির্যাতিত নারীর বিনীত অনুরোধে তার প্রাণ ভিক্ষা দেয়ার কথা বলে এ কথা কাউকে জানালে আগুন ধরিয়ে দেয়ারও হুমকি দেয়া হয়।

সূত্র- বিডি-প্রতিদিন

মেহেরপুরের পাঁচ তরুণের কেওক্রাডং জয়

রাশিদুল ইসলাম রনি, উজ্জল খান, সুমন রেজা, এনামুল হক ও মুহাইমিনুল ইসলাম মিলন। এই চার তরুণ বাংলাদেশের ২য় সর্বোচ্চ কেওক্রাডং জয় করেছেন। ৩২৩৫ ফুট উচু এ পর্বত জয় করে তারা তার সর্বোচ্চ চুড়ায় বাংলাদেশ পতাকা উড়িয়েছে।

গত রবিবার তারা এই পাঁচ তরুণ পর্বত জয় করেন। এর আগে তারা কেওক্রাডং এর উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করেন বৃহস্পতিবার। কেওক্রাডং জয়ের আগে তারা বান্দরবানের বিভিন্ন পর্যটন কেন্দ্রগুলো পরিদর্শন করেন । আজ তাদের মেহেরপুর ফেরার কথা রয়েছে।